গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কাযালয়
টাঙ্গাইল সদর, টাঙ্গাইল
www.tangailsadar.tangail.gov.bd

নম্বর: ০৫.৪১.৯৩৯৫.০০০.০৫.০০৭.২৬-৭৭০ তারিখঃ ২৭ শ্রাবণ ১৪৩৩ / ১১ আগস্ট ২০২৬

**বিষয়: ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার এর তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সুপারভাইজার ও তথ্য সংগ্রহকারী নিয়োজিতকরণ সম্পর্কিত পরীক্ষার ফলাফল প্রকাশ।**

সূত্র: সমাজকল্যাণ মন্ত্রণালয়ের পত্র নম্বর: ৪১.০০.০০০০.০০০.০২৩.১৮.০০০১.২৬.৫৫৬; তারিখ: ২৮/০৭/২০২৬ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সমাজকল্যাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত 'ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) কর্মসূচি'র আওতায় খানা তথ্যভান্ডার এর নির্ভুল তথ্য সংগ্রহ কার্যক্রম পরিচালনার লক্ষ্যে সর্বশেষ জারিকৃত পরিপত্রের শর্ত মোতাবেক টাঙ্গাইল জেলাধীন টাঙ্গাইল সদর উপজেলায় 'ফ্যামিলি কার্ড শুমারি-২০২৬' এর শুমারিকালীন স্বেচ্ছাসেবী (তথ্য সংগ্রহকারী ও সুপারভাইজার) নিয়োজিতকরণের জন্য বিজ্ঞপ্তির মাধ্যমে প্রাপ্ত বৈধ আবেদনকারীদের শিক্ষাগত যোগ্যতার সনদ ও অন্যান্য দলিলাদি যাচাই এবং পরীক্ষার ফলাফলের ভিত্তিতে পরীক্ষায় অংশগ্রহণকারী প্রার্থীদের মধ্য হতে প্রাথমিকভাবে নির্বাচিত, রিজার্ভ, অপেক্ষমাণ তালিকা এবং সংশ্লিষ্ট শর্তাবলি প্রকাশ করা হলো।

০২। এই ফলাফল উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, টাঙ্গাইল সদর এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.tangailsadar.tangail.gov.bd) এবং উপজেলা সমাজসেবা কর্মকর্তার কার্যালয়, টাঙ্গাইল সদর এর নোটিশ বোর্ড ও ওয়েবসাইটে (www.dss.tangailsadar.tangail.gov.bd) পাওয়া যাবে।

১১/০৮/২০২৬
শাহীন মিয়া
উপজেলা নির্বাহী অফিসার
ও
সভাপতি
ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার এর স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।

Scanned with CamScanner

সদয় অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি:

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, টাঙ্গাইল-৫।

০২। কর্মসূচি পরিচালক, ফ্যামিলি কার্ড, সমাজকল্যাণ মন্ত্রণালয়।

০৩। পরিচালক (সামাজিক নিরাপত্তা অধিশাখা), সমাজসেবা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।

০৪। পরিচালক, বিভাগীয় সমাজসেবা কার্যালয়, ঢাকা।

০৫। জেলা প্রশাসক, টাঙ্গাইল।

০৬। উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, টাঙ্গাইল।

০৭। সভাপতি/সাধারণ সম্পাদক ................................ (প্রেস ক্লাব) টাঙ্গাইল। [প্রচারের অনুরোধসহ]

০৮। জনাব, .............................., সদস্য, তথ্য সংগ্রহের জন্য স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, টাঙ্গাইল সদর,টাঙ্গাইল ।

০৯। চেয়ারম্যান/প্রশাসক .................................. ইউনিয়ন পরিষদ (সকল), টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।

১০। অফিস কপি।

১৯/০৮/২৬

ইব্রাহীম
উপজেলা সমাজসেবা অফিসার
ও
সদস্য-সচিব
ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার এর স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।

## শর্তাবলি

০১। স্বেচ্ছাসেবীগণের এ মনোনয়ন সম্পূর্ণভাবে অস্থায়ী যা কেবলমাত্র ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার (Household Database) তথ্য সংগ্রহ জরিপকালীন থাকবে। এই মনোনয়ন কোন আবেদনকারীকে স্বেচ্ছাসেবী হিসেবে নিয়োজিতকরণের নিরঙ্কুশ নিশ্চয়তা প্রদান করবে না । এ মনোনয়নের ফলে কোন নিরঙ্কুশ অধিকার জন্মাবে না;

০২। নির্বাচিত প্রার্থীদের প্রশিক্ষণ, সম্মানী ও অন্যান্য বিষয়াদি সরকার কর্তৃক জারিকৃত নীতিমালা অনুসারে পরিচালিত ও নিয়ন্ত্রিত হবে;

০৩। সংগৃহীত তথ্যের গোপনীয়তা রক্ষা বাধ্যতামূলক; নির্দেশিকায় বর্ণিত শর্তাদি প্রতিপালনে ব্যত্যয় হলে এবং আবেদনের সময় দাখিলকৃত কোন সনদ, জাতীয় পরিচয়পত্র, বয়স, ফৌজদারি মামলা সংক্রান্ত তথ্যাদি, অসত্য বা প্রতারণামূলক মর্মে প্রমাণিত হলে তাৎক্ষণিকভাবে মনোনয়ন বাতিল, সম্মানী বাজেয়াপ্ত এবং প্রযোজ্য ক্ষেত্রে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

০৪। তথ্য সংগ্রহ শেষে সরকারি সকল ডিভাইস, গেজেট ও আনুষাঙ্গিক উপকরণ বাধ্যতামূলকভাবে ফেরত প্রদান করতে হবে; ডিভাইস নষ্ট, হারানো বা চুরির ক্ষেত্রে সংশ্লিষ্ট স্বেচ্ছাসেবীর নিকট হতে বিধি মোতাবেক ক্ষতিপূরণ আদায় করা হবে; নিজের ডিভাইস অন্যের নিকট হস্তান্তর সম্পূর্ণভাবে নিষিদ্ধ;

Scanned with CamScanner

০৫। কর্তৃপক্ষের সিদ্ধান্তের ভিত্তিতে নিয়োজিত সকল স্বেচ্ছাসেবীগণ (তথ্য সংগ্রহকারী/সুপারভাইজার) টাঙ্গাইল সদর উপজেলার যে কোন ইউনিয়নের যে কোন ওয়ার্ড এ দায়িত্ব পালন করতে বাধ্য থাকবে; ফ্যামিলি কার্ড জরিপকালীন বিরতিহীনভাবে কাজ করার মানসিকতা পোষণ করতে হবে; নির্ধারিত ইউনিয়নে দায়িত্ব পালনে অপারগ হলে/ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে অনুপস্থিত থাকলে তৎক্ষণাৎ মনোনয়ন বাতিল ও সংরক্ষিত তালিকা হতে ক্রম অনুসারে মনোনয়ন প্রদান করা হবে;

০৬। নিয়োজিত সকল স্বেচ্ছাসেবীকে যথাসময়ে আবশ্যিকভাবে প্রশিক্ষণে অংশগ্রহণ করতে হবে; প্রশিক্ষণে অংশগ্রহণ না করলে মনোনয়ন বাতিল বলে গণ্য হবে;

০৭। জরিপকালে কোন খানা প্রধান বা পরিবারকে ফ্যামিলি কার্ডের প্রতিশ্রুতি দেওয়া, ভয়-ভীতি প্রদর্শন, মিথ্যা বা অসত্য তথ্য ইনপুট, আর্থিক বা অনৈতিক সুবিধা দাবি কঠোরভাবে নিষিদ্ধ; এ ধরণের কোন অভিযোগ পাওয়া মাত্রই মনোনয়ন বাতিলসহ কঠোর আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

০৮। নির্বাচিত রিজার্ভ প্রার্থীদের মধ্য থেকে কোন কারণে কারো প্রার্থীতা বাতিল হলে উপজেলা কমিটি অপেক্ষমাণ তালিকা হতে প্রার্থী প্রতিস্থাপন করতে পারবে;

০৯। প্রকাশিত ফলাফলে কোন ভুল/ত্রুটি পরিলক্ষিত হলে তা সংশোধনের ক্ষমতা বাছাই কমিটি সংরক্ষণ করে;

১০। স্বেচ্ছাসেবী নির্বাচন সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত সিদ্ধান্ত হিসেবে গণ্য হবে।

১১/০৮/২০২৬

শাহীন মিয়া

উপজেলা নির্বাহী অফিসার

ও

সভাপতি

ফ্যামিলি কার্ড খানা তথ্যভান্ডার এর স্বেচ্ছাসেবী নির্বাচন কমিটি, টাঙ্গাইল সদর, টাঙ্গাইল।

Scanned with CamScanner